

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) পূর্বানুমোদিত দরের কপি।
- ৩) প্রাক্কলন।

বিষয়: পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বিভিন্ন জনবহুল স্থানে পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ।


১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন ধানমন্ডি, ফার্মগেট, নিউমার্কেট, পশ্চপথ, মোহাম্মদপুর, শ্যামলীসহ অন্যান্য এলাকায় অনেকগুলো শপিং মল, বাজার, হাসপাতাল, বাস স্ট্যান্ড রয়েছে। যেখানে অনেক ভ্রাম্যমান জনসাধারণ থাকে। পবিত্র রমজান মাসে এসব ভ্রাম্যমান জনসাধারণের ইফতার করার জন্য সুপেয় পানির প্রয়োজন হয় যার সংস্থান করা তাদের জন্য বেশ দূর হতে পারে। এসব ভ্রাম্যমান জনসাধারণের ইফতার করার সুবিধার্থে ১০(দশ)টি জনবহুল স্থানে পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার উদ্যোগ নেওয়া হয়েছে। পানির ট্যাংক স্থাপন কাজে ভিনাইল স্টিকার তৈরী, পানির কল, পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন হয়। এছাড়াও পানির ট্যাংক ধৌত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং রমজান মাস শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত আনার কাজে শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন হবে। পানির ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ গ্রহণ এর ফলে জনমনে সন্তুষ্টি অর্জিত হবে ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি উজ্জল হবে।


২। উপরিউক্ত বর্ণনার আলোকে উল্লিখিত কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২৪,১২৫/- (চব্বিশ হাজার একশত পঁচিশ) টাকা মাত্র (ক্রমিক নং:৩৩৮)। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি “প্রধান প্রকৌশলী” মহোদয়ের অনুমোদন এস্তিয়ারভুক্ত।


৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বিভিন্ন জনবহুল স্থানে পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ


- ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২৪,১২৫/- (চব্বিশ হাজার একশত পঁচিশ) টাকা মাত্র এর অনুমোদন;
- খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম) সম্পন্ন করার অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা



মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


সালেহ মোহাম্মদ ভাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


৪। প্রস্তাব অনুমোদিত।


৳৫, M.D.S.-1


18/04/2026

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

EE-3


মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।